ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন চাঁদপুর ইউনিয়ন

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ট্র হামিদুর রহমান স্টেডিয়ামে খেলাটি অনুষ্ঠিত হয়।

হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়ন ২-০ গোলে সদর উপজেলার ঘোড়শাাল ইউনিয়নকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। করোনা মহামারী উপক্ষো করে দু’দলের এই তুমুল প্রতিদ্বন্দীতা পূর্ণ খেলা ঝিনাইদহের মানুষ দীর্ঘ দিন পর উপভোগ করেন। খেলা শুরু হতে না হতেই গ্যালারী কানাই কানাই পূর্ণ হয়ে যায়।

মাস ব্যাপী এ টুর্নামেন্টের সভাপতির দায়িত্বে ছিলেন, ঝিনাইদহের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, সংরক্ষিত মহিলা আসনের সাংসদ খালেদা খানম এমপি, পুলিশ সুপার মোঃ মুনতাসিরুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের পৃষ্ঠপোষক ও জাহেদি ফাউন্ডেশন নির্বাহী পরিচালক নাসের শাহরিয়ার জাহেদি মহুল,

হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানাসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান ও জেলার ক্রীড়া সংস্থার নেতৃবৃন্দ।

খেলায় চ্যাম্পিয়ন দলকে ৩ লাখ টাকা এবং রানার্স আপ দলকে ২ লাখ টাকা প্রাইজমানি হিসেবে উপহার দেওয়া হয়।

কালীগঞ্জে মাস্ক না পরায় জরিমানা

মহামারি করোনা প্রতিরোধে জনসচেতনতা বাড়াতে মাঠে নেমেছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা প্রশাসন।

সোমবার সকাল ১২ টায় উপজেলা নির্বাহী কর্মকর্তা সূবর্ণা রানী সাহার নেতৃত্বে শহরের মেইন বাসষ্ট্যান্ড, মধুগঞ্জ বাজার সহ বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

এ সময় সড়কে চলাচলকারী যাত্রীবাহী বাস, ইজিবাইক, বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান ও পথচারীদের মাস্ক পরিধান না থাকায় জরিমানা আদায়সহ ফ্রি মাস্ক বিতরণ করেন।

ভ্রাম্যমাণ আদালত অভিযানের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও কালীগঞ্জ ইউএনও সূবর্ণা রানী সাহা জানান, বাড়ছে করোনার প্রকোপ। তা প্রতিরোধে মাস্ক পরিধান অত্যবশ্যকীয়। বিশেষ করে গনপরিবহন ও বিভিন্ন জনসমাগম স্থান গুলো করোনার জন্য ঝুকিপূর্ণ এলাকা।

তাই করোনা প্রতিরোধে সবার মধ্যে সচেতনতা বাড়াতেই এ অভিযান পরিচালনা করা হচ্ছে। এ সময়ে মাস্ক পরিধান না করাসহ মোটরসাইকেলের কাগজপত্র না রাখার অপরাধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ১৩’শ ৫০ টাকা জরিমানা আদায় করা হয়।

কোটচাঁদপুরে বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার স্থানীয় কাশিপুর সিরু মিয়ার ইট ভাটা চত্তরে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় পতাকা উত্তোলন ও শান্তির পায়রা উড়িয়ে সম্মেলনের কার্যক্রম শুরু করা হয়।

উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জু।

সম্মেলনের উদ্বোধক হিসাবে ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক অ্যাড. এস এম মশিয়ুর রহমান। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. এম.এ মজিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত, সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু, জাতীয় নির্বাহী কমিটির সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক আব্দুল মালেক, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক মো: আক্তারুজ্জামান, সদর থানার আহ্বায়ক অ্যাড. কামাল আজাদ পান্নু, ঝিনাইদহ পৌর শাখার আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস, কোটচাঁদপুর পৌর শাখার আহ্বায়ক এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

সম্মেলনে থানা কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী এবং পৌর কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, পৌর বিএনপির আহ্বায়ক এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল। সাধারণ সম্পাদক আবুল কাশেম।

এসময় উপজেলা বিএনপি’র সদস্য সচিব মিজানুর রহমান খাঁন লাভলু, ও পৌর বিএনপির সদস্য সচিব ফারুক হোসেন খোকন সহ উপজেলা ও পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

কালীগঞ্জে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের হাতে সাংবাদিক লাঞ্ছিত!

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার ৭নং রায়গ্রাম ইউনিয়নের স্মার্ট কার্ড বিতরণে বক্স ও কমপার্টমেন্ট নম্বর দিয়ে টাকা নেওয়ার ছবি তোলায় একাত্তর টেলিভিশনের কালীগঞ্জ প্রতিনিধি ও দৈনিক যশোরের স্টাফ রিপোর্টার মিশন আলীকে লাঞ্চিত করেছে চেয়ারম্যান আলী হোসেন অপু।
গতকাল শনিবার ৯টার দিকে রায়গ্রাম বাণীকান্ত মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।

জানা গেছে, নাগরিকদের কাছ থেকে বক্স ও কমপার্টমেন্ট নম্বর দেওয়ার কথা বলে টাকা নেয় একদল যুবক। এ সময় রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপু চানআলী নামে যুবককে ইউনিয়নের দফাদার দিয়ে মারধর করে।

এ সময় ছবি তোলায় একাত্তর টেলিভিশনের কালীগঞ্জ প্রতিনিধি ও দৈনিক যশোর পত্রিকার স্টাফ রিপোর্টার মিশন আলীর ক্যামেরা ছিনিয়ে নেয় ও লাঞ্চিত করে একটি কক্ষে আটক করে রাখে। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে সাংবাদিককে উদ্ধার করে।

সাংবাদিক মিশন আলী জানায়, উপজেলার ৭ নং রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপুর লোকজন স্মার্ট কার্ড বিতরণের বক্স ও কমপার্টমেন্ট নম্বর দেওয়ার কথা বলে নাগরিকদের কাছ থেকে ১০ টাকা করে নেয় এমন খবর পেয়ে ঘটনাস্থলে যায়। এসময় চান আলী নামে এক যুবককে মারধর করে চেয়ারম্যানের নির্দেশে দফাদার দিয়ে যুবককে মারধর করে।

এ সময় আমি ছবি তুলি। তখন চেয়ারম্যান আলী হোসেন অপু ক্ষিপ্ত হয়ে আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ ও চেয়ারম্যান নিজে আমাকে একটি কক্ষে আটক করে। এ সময় চেয়ারম্যান আমার ক্যামেরা ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে।

পরে বিষয়টি আমি অন্য সাংবাদিকদের জানালে পুলিশ ঘটনাস্থলে এসে আমাকে উদ্ধার করে।

৭নং রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপু জানান, একটু ভুল বোঝাবুঝি হয়েছে। সাংবাদিককে আটক করার ৫ মিনিট পর ছেড়ে দেওয়া হয়েছিল।

কালীগঞ্জ থানার এস আই আবুল কাশেম জানান, ঘটনাস্থলে উপস্থিত হয়ে একটি কক্ষে সাংবাদিককে দেখতে পাই। পরে উভয়পক্ষের বক্তব্য শুনে সাংবাদিককে উদ্ধার করা হয়েছে।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, খবর শুনে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে সাংবাদিককে উদ্ধার করা হয়েছে।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সুবর্ণা রাণী সাহা জানান, বিষয়টি আমি শুনেছি। চেয়ারম্যান তাকে বলেছেন, আটকের ৫ মিনিট পর সাংবাদিককে ছেড়ে দিয়েছেন বলে জানিয়েছেন।

মহেশপুরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মহেশপুর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা অধিদপ্তরের যৌথ আয়োজনে গতকাল সোমবার সকাল ১০ টায় উপজেলা চত্বরে অনুষ্ঠিত হয় বিতর্ক প্রতিযোগিতা, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।
বিতর্কের বিষয় ছিলো করোনাকালে নারী নেতৃত্বই গড়বে নতুন সমতার বিশ্ব। প্রতিযোগিতায় পক্ষ দলে অংশগ্রহণ করেন মহেশপুর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান হাসিনা খাতুন, মহেশপুর সরকারি ডিগ্রি কলেজের প্রভাষক পারভীন আরা শশী ও মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর মেডিক্যাল অফিসার ডা. বানী শ্রী ভদ্র। বিপক্ষ দলে অংশগ্রহণ করেন মহেশপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ, উপজেলা সহকারী প্রোগ্রামার ওহিদুল ইসলাম ও পৌরল্যাব মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এটিএম খায়রুল আনাম।
বিতর্ক প্রতিযোগিতায় মডারেটর এর দায়িত্ব পালন করেন দৈনিক মেহেরপুর প্রতিদিন এর সাংবাদিক মো: সফিকুল ইসলাম জুয়েল

বিচারক এর দায়িত্ব পালন করেন মহেশপুর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মো: আবু হেনা মোস্তফা কামাল, কৃষি সম্প্রসারণ অফিসার অমিত বাগচী এবং মহেশপুর উপজেলা একাডেমিক সুপারভাইজার অবিনাশ কর্মকার। প্রতিযোগিতা শেষে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহেশপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ময়জুদ্দীন হামিদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আমজাদ হোসেন, মহিলা বিষয়ক কর্মকর্তা সাইফুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহেশপুর উপজেলা নির্বাহী অফিসার শাশ্বতী শীল। প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ পর সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

হরিণাকুণ্ডুতে নানা আয়োজনে আন্তর্জাতিক নারী দিবস পালিত

‘করোনাকালে নারী নেতৃত্ব, গড়বে নতুন সমতার বিশ্ব’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা প্রশাসনের আয়োজনে ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গির হোসাইন। এছাড়া বিশেষ অতিথি হিসেবে প্রকল্প কর্মকর্তা জামাল হোসেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা, হরিণাকুণ্ডু প্রেসক্লাব সভাপতি এম.সাইফুজ্জামান তাজু, প্রেসক্লাবের সহ-সভাপতি সাইফুর রহমান বাদল প্রমূখ উপস্থিত ছিলেন। নারীর সম-অধিকার প্রতিষ্ঠায় ১৯১৪ সাল থেকে বিভিন্ন দেশ দিবসটি পালন করে আসছে। ১৯৭৫ সাল থেকে জাতিসংঘ দিনটি আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালন করছে। এবারের আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য- ‘করোনাকালে নারী নেতৃত্ব, গড়বে নতুন সমতার বিশ্ব’। আলোচনায় বক্তারা বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নারী-পুরুষ সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। “বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগের সফল বাস্তবায়নের ফলে নারী উন্নয়ন আজ সুস্পষ্টভাবে দৃশ্যমান। ব্যবসা-বাণিজ্য, রাজনীতি, বিচারবিভাগ, প্রশাসন, কূটনীতি, সশস্ত্রবাহিনী, আইন-

শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, শান্তিরক্ষা মিশনসহ সর্বক্ষেত্রে নারীর সফল অংশগ্রহণের মাধ্যমে দেশ ক্রমান্বয়ে উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে।” উল্লেখ্য সম অংশীদারিত্ব নারী এখন তার মেধা ও শ্রম দিয়ে সভ্যতার সকল অগ্রগতি এবং উন্নয়নে অংশগ্রহণ করছে। আর তাই সারা বিশ্বে বদলে গেছে নারীর প্রতি দৃষ্টিভঙ্গি।

ঝিনাইদহে নতুন জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব নিচ্ছেন মুজিবর রহমান

নুতন জেলা প্রশাসক হিসেবে আগামী রোববার দায়িত্ব গ্রহণ করবেন মুজিবর রহমান। তিনি বিদায়ী জেলা প্রশাসক সরোজ কুমার নাথের স্থলাভিসিক্ত হবেন। গতকাল শনিবার প্রশাসনের সর্বস্তরের কর্মকর্তাগণ ঝিনাইদহ সার্কিট হাউজে নুতন জেলা প্রশাসককে স্বাগত জানান।
বিদায়ী জেলা প্রশাসক সরোজ কুমার নাথকে আগামী রোববার ঝিনাইদহ সদর উপজেলা পরিষদের হল রুমে ফেয়ারওয়েল প্রদান করা হবে।

ঝিনাইদহে কৃতি শিক্ষার্থী, আদর্শ শিক্ষক ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানকে সম্মাননা

ঝিনাইদহে ২০১৭ ও ১৮ সালের কৃতি শিক্ষার্থী, আদর্শ শিক্ষক ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানকে সম্মাননা প্রদান করা হয়েছে। ঝিনাইদহ ফাউন্ডেশনের আয়োজনে গতকাল শুক্রবার বিকালে জেলা শিল্পকলা

একাডেমীতে এ সংবর্ধনা প্রদান করা হয়।
ঝিনাইদহ ফাউন্ডেশন এর সভাপতি ও জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী, সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস।
অনুষ্ঠান পরিচালনা করেন ঝিনাইদহ জেলা প্রেস ক্লাবের সভাপতি ও ঝিনাইদহ ফাউন্ডেশনের প্রচার সম্পাদক মিজানুর রহমান।
অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ২০১৭ ও ১৮ সালের জেলার ৬ উপজেলার মাধ্যমিক, মাদ্রাসা ও কলেজ পর্যায়ের শ্রেষ্ঠ ৪১ জন শিক্ষার্থী, ৩৬ টি শিক্ষা প্রতিষ্ঠান ও ৬ জন আদর্শ শিক্ষককে সম্মাননা প্রদান করা হয়। পরে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। সকালে আয়োজন করা হয় বিতর্ক প্রতিযোগিতা।

দুর্ঘটনা কেড়ে নিয়েছে ফারুকের স্বপ্ন

স্বপ্ন ছিল চাকুরী করে ২ টি সন্তান মানুষ করব। অবিবাহিত এক বোনকে বিয়ে দিব। মা-বাবাকে ভালো মত দেখাশোনা করব। চাকুরী পেয়েছিলাম। ভালো বেতনও পাচ্ছিলাম। কিন্তু এক সড়ক দুর্ঘটনা আমার স্বপ্ন ভেঙ্গে চুরমার করে দিয়েছে। এখন আমার সংসার চালানোই কষ্টকর হয়ে যাচ্ছে। একজনের সহযোগিতা ছাড়া উঠতে পারিনা। সড়ক দুর্ঘটনায় প্রাণে বেঁচে গেলেও একটি পা কেটে ফেলতে হয়েছে। একটি প্লাস্টিকের পা লাগিয়ে চলাফেরা করব তাও কেনার সামর্থ্য নেই আমার’। এভাবেই কষ্টের কথা বলছিলেন ঝিনাইদহ সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়নের বাসুদেবপুর গ্রামের মকবুল মন্ডলের ছেলে ফারুক হোসেন (৩০)।
গত বছরের ২৩ আগস্ট শহরের সিটিমোড়ে ফল বোঝায় ট্রাকের ধাক্কায় গুরুতর আহত হন সে। বাবা-মা সহায়-সম্বল বিক্রি করে চিকিৎসা করিয়ে কোনমতে প্রাণে বাঁচাতে পারলেও হারিয়েছেন তার ডান পা। এখন

পরিবারের সদস্যদের সহযোগিতায় চলাফেরা করতে হয় তার। একটি প্লাস্টিকের পা লাগাতে চেয়েছেন টাকার জন্য তাও কিনতে পারছেন না। পিতা মকবুল মন্ডল বলেন, আমার ছেলে মাস্টার্স শেষ করে একটি কোম্পানীতে চাকুরী করছিল। তার পোস্টিং ছিল নোয়াখালীর লক্ষীপুরে। গত বছর বাড়িতে এলে দুর্ঘটনা ঘটে। এখন সংসার চালাতে পারছি না। ৭ সদস্যের সংসারে এখন অভাব-অনটন লেগেই রয়েছে। পাশাপাশি রয়েছে চিকিৎসা খরচ।
এ অবস্থায় সরকার ও সমাজের বিত্তবানদের সহযোগিতা কামনা করেন তিনি। বোন শিউলি খাতুন বলেন, আমার ভাই এখন চলতে পারে না। বাড়ি থেকে বের হলেই আমি সাথে যায়। আর কতদিন এভাবে চলবে সে। প্লাস্টিকের পা কিনতে পারলে সে কোনমত চলাফেরা করতে পারতো। বৃদ্ধ বাবার সামর্থ্য নেই এতটাকা দেওয়ার। সমাজের বিত্তবানরা যদি আমার ভাইকে সহযোগিতা করতো কষ্টের মধ্যে হলেও সে একটু বেঁচে থাকতে পারতো। ফারুক হোসেন বলেন, আমার জীবন তো শেষ। আমার ২ টি সন্তান রয়েছে। এখন পারিনা কোন কাজ করতে। পারিনা ভিক্ষা করতে। এই অবস্থার মধ্য দিয়েই চলছে। এভাবেই জীবন পার করতে হবে। সন্তানদুটো মানুষ করতে পারলে আমি মরেও শান্তি পেতাম। কিন্তু তাদের লেখা-পড়া শেখাবো কি করে। কাজও করতে পারিনা। কোথাও যেতে পারিনা। একটি পা কিনতে চাচ্ছি। এতটাকাও নেই। মানুষের সহযোগিতা পেলে একটি পা কিনতে পারতাম। ফারুক হোসেনের সহযোগিতা করতে চাইলে তার বিকাশ নম্বর (০১৭৪১-৪২১০৮১)।

ঝিনাইদহে ফেন্সিডিল ও গাঁজাসহ দুই নারী আটক

ঝিনাইদহে ২ নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। গত মঙ্গলবার রাতে শহরের বাসটার্মিনাল এলাকা থেকে তাদেরকে আটক করা হয়।
এ সময় তাদের কাছ থেকে ৭১ বোতল ফেন্সিডিল ও ২ কেজি গাঁজা উদ্ধার করা হয়। আটককৃত হাজেরা খাতুন চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া গ্রামের ওমেদুল মন্ডলের স্ত্রী ও একই উপজেলার সদরপাড়া গ্রামের আব্দুর রশীদের মেয়ে সুজিদা আক্তার বিউটি।

ঝিনাইদহ সদর থানার ওসি মোহাম্মদ মিজানুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে তিনি জানতে পারেন চুয়াডাঙ্গা ডিলাক্সের একটি পরিবহনে মাদক ব্যবসায়ীরা মাদকসহ ঢাকা যাচ্ছে। এমন সময় ইন্সপেক্টর অপারেশন আবুল খায়ের শেখ এর নেতৃত্বে এসআই শফিকুল ইসলাম, এস আই মোঃ মোকলেচুর রহমান, এস আই মোঃ ফজলুর রহমান, এস আই মোঃ নুর আলম, এ এস আই মোঃ আনোয়ারুল ইসলাম, এ এস আই দেবাশীষ চক্রবর্তী, কনস্টেবল মোঃ বদর উদ্দিন, মোঃ সজল শেখ, মোঃ ইমরান শেখ, মোঃ আবু হুরাইরা, মোঃ আমান উল্লাহ, নারী কনস্টেবল শিরিনা খাতুন ও শম্পা দাস অভিযান চালিয়ে হাজেরা খাতুন ও সুজিদা আক্তার বিউটিকে আটক করে। ওসি আরও জানান, আটককৃত মাদক ব্যবসায়ী সুজিদা আক্তার বিউটির কাছ থেকে ২ কেজি গাঁজা ও হাজেরা খাতুনের কাছ থেকে ৭১ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।
তারা দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা করে আসছিল। আটককৃত ২ নারী মাদক ব্যবসায়ীর নামে বিভিন্ন থানায় একাধিক মাদক মামলা রয়েছে।